

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৭৬

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ দরিদ্র মুহাজিরদের প্রতি আল্লাহ তা'আলার অনুগ্রহ হলো মহান আল্লাহ তাঁদেরকে ধনীদের নির্দিষ্ট সময়কাল আগে জান্নাতে প্রবেশ করাবেন

ذِكْنُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى فُقَرَاءِ الْمُهَاجِرِينَ بِإِدْخَالِهِمُ الْجَنَّةَ قَبْلَ أَغْنِيَائِهِمْ بِمُدَدِ مَعْلُومَةٍ

## আরবী

676 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و قَالَ: بَيْنَا أَنَا جَالِسٌ فِي الْمَسْجِدِ وَحَلْقَةُ مِنْ فُقَرَاءِ الْمُهَاجِرِينَ وَسَطَ الْمَسْجِدِ جُلُوسٌ فَدَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ المسجد نِصْفَ النَّهَارِ فَانْطَلَقَ إِلَيْهِمْ فَجَلَسَ مَعَهُمْ فَلَمَّا رَأَيْتُ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ المسجد نِصْفَ النَّهَارِ فَانْطَلَقَ إِلَيْهِمْ فَجَلَسَ مَعَهُمْ فَلَمَّا رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَلَسَ إِلَيْهِمْ قُمْتُ إِلَيْهِ فَأَدْرَكْتُ مِنْ حَدِيثِهِ وَهُوَ يَقُولُ: (بَشِرْ فُقَرَاءَ الْمُهَاجِرِينَ أَنَّهُمْ لَيَدْخُلُونَ الْجَنَّةَ قبل الأغنياء بأربعين عاماً) فُقَرَاءَ المُهارِينَ أَنَّهُمْ لَيَدْخُلُونَ الْجَنَّةَ قبل الأغنياء بأربعين عاماً) الراوي : عَبْد اللَّهِ بْن عَمْرٍ و ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصدث: صحيح.

## বাংলা

৬৭৬. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আমি মসজিদে নববীতে বসে ছিলাম আর মসজিদের মাঝখানে দরিদ্র মুহাজিরদের একটি হালাকা ছিল। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মধ্যাহ্নে মসজিদে প্রবেশ করে মুহাজিরদের কাছে যান এবং তাঁদের সাথে বসেন। যখন আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাঁদের কাছে বসতে দেখলাম, তখন আমিও তাঁর কাছে গেলাম অতঃপর আমি তাঁর এতোটুকু কথা শুনতে পেলাম, তিনি বলেছেন, "তোমরা দরিদ্র মুহাজিরদের শুভ-সংবাদ প্রদান করো যে, তাঁরা ধনীদের চল্লিশ বছর আগে জান্নাতে প্রবেশ করবে।"[1]

## ফুটনোট



[1] দারেমী: ২/৩৩৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/৮৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন